# স্কুলের বেঞ্চ পাচারের অভিযোগ

দুরন্ত বার্তা, নলহাটি, ৯ নভেম্বর ঃ ছাত্রদের জন্য স্কুল বেঞ্চ পাচারের অভিযোগ তুলে ক্ষোভে ফেটে পড়েন এলাকাবাসী। তাঁদের দাবি, আগেও স্কুল থেকে ল্যাপটপ ও কম্পিউটার ডালা চুরি গেছে। এবার বেঞ্চ চুরি। ঘটনাটি ঘটেছে গত শুক্রবার রাত সাড়ে এগারোটা নাগাদ নলহাটি এক ব্লকের কোগ্রাম উচ্চ বিদ্যালয়ে। শুক্রবারের পর রবি, সোমবার ও মঙ্গলবার টানা ছুটি থাকায় স্কুল বন্ধ ছিল। বুধবার স্কুল খুলতেই কোগ্রাম ও পাশের সেরগ্রাম থেকে স্থানীয় মানুষ ও অভিভাবকেরা বিক্ষোভে সামিল হন। ঘটনাস্থলে নলহাটি থানার পুলিশ ছুটে এসে জনতার উত্তেজনা প্রশমিত করে পরিস্থিতি সামাল দেয়। এক অভিভাবক তথা এলাকার বাসিন্দা মনসুর সেখ বলেন, শুক্রবার রাত সাড়ে এগারোটা নাগাদ স্কুলের একটি বেঞ্চ কাজল সেখ তার বাইকের পেছনে চাপিয়ে নিয়ে যাচ্ছিলেন এবং ওই স্কুলের নাইট গার্ড অনিল মাল বেঞ্চটি পেছন থেকে ধরে নিয়ে যাচ্ছিলেন। তার পেছন পেছন ছেলেরা ছুটে যাচ্ছিলেন। বেঞ্চটি কাজল সেখের বাড়ি নিয়ে যাওয়া হয়। ঘটনাচক্রে কাজল সেখ কোগ্রাম উচ্চ বিদ্যালয়ের পরিচালন সমিতির সভাপতি আলি আহমেদ ওরফে কচির ভাই। এব্যাপারে কাজল সেখের ভাই তথা সিভিক পুলিশ গ্রামবাসীদের হুমকি দেয় বলে এলাকাবাসির দাবি। ঘটনার পর স্কুল পরিচালন সমিতির সভাপতি আলি আহমেদ সাহেবকে ফোন করা হলে তিনি বলেন, আমি ঘটনাটি শুনে আমার ভাইকে বকেছি। ভাই নাইট গার্ডের কাছে দেড় হাজার টাকা পেত। সেই কারণে বেঞ্চটা জিম্মি রাখতে চাওয়াটা তার অন্যায় হয়েছে। নাইটগার্ডের বিরুদ্ধে এর আগেও অনেক অভিযোগ ওঠে। তার জন্য একবার তাকেও সরানো হয়। আমি কোনো অন্যায় বরদাস্ত করি না। আজকে এলাকার লোকেরা স্কুলে চড়াও হয়। একটা কাজে ফেঁসে যাওয়ায় স্কুলে ডাকা মিটিংয়ে যেতে পারি নি। কালকে মিটিং হবে। সব শুনে সঠিক সিদ্ধান্ত নেওয়া হবে। এদিকে ওই নাইটগার্ডকে স্কুলে আসতে মানা করা হয়েছে। কিন্তু এখানে এলাকাবাসীর প্রশ্ন একই কাজে দুই জন দোষী। এক নাইট গার্ড এবং স্কুলের সভাপতি আলি আহমেদের ভাই কাজল সেখ। তাই একজনকে ছেড়ে অন্যজনকে যেন শাস্তি না দেওয়া হয়। পুরো ব্যাপারটা নিয়ে স্কুলের নাইটগার্ড অনিল মালকে ফোন করা হলে তিনি বলেন, আমি এই সমস্ত অভিযোগ সত্য মিথ্যা কিছুই বলবো না। কালকে মিটিং আছে। সেখানে যা বলার বলবো। স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মহম্মদ কাপাতুল্লাহ দুই মাস হল দায়িত্ব পেয়েছেন। তিনি বলেন, বুধবার এই বেঞ্চ চুরি যাওয়া নিয়ে বৈঠক ছিল। কিন্তু সভাপতি আসতে না পারায়, বৃহস্পতিবার মিটিং ডাকা হয়েছে। সেখানে অভিভাবকরা তাঁদের কথা বলবেন। তারপর পরিচালন সমিতি ব্যবস্থা নেবে। এলাকার তৃণমূল অঞ্চল সভাপতি আব্দুল আমিন বলেন, খবর পেয়ে আমি গেছিলাম। সভাপতি বৃহস্পতিবার আসবেন। তারপর বৈঠকে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত নেওয়া হবে। কোনো সমস্যা নেই। সব মিটে যাবে।

# ইসকন মন্দিরে পুজো দিয়ে ফেরার পথে ডাম্পারের ধাক্কায় মৃত্যু হল নাতনি ও ঠাকুমার

দুরন্ত বার্তা, দিঘা, ৯ নভেম্বর ঃ রাস পূর্ণিমা উপলক্ষে দিঘার ইসকন মন্দিরে পুজো দিয়ে ফেরার সময় মর্মান্তিক দুর্ঘটনা ঘটল। ডাম্পারের ধাক্কায় মৃত্যু হল নাতনি এবং ঠাকুমার। দিঘা মোহনা কোস্টাল থানার অলংকারপুর বাসস্ট্যান্ডের কাছে এই দুর্ঘটনা ঘটেছে। মৃতা ঠাকুরমার নাম নীরদা প্রামাণিক (৬৭) ও তার নাতনির নাম শ্রেয়সী প্রামাণিক (১০)। এই ঘটনায় শোকের ছায়া নেমে এসেছে এলাকায়। ঘটনাকে কেন্দ্র করে দীর্ঘক্ষণ যানজট দেখা দেয় এলাকায়। পুলিশ সূত্রের খবর, মঙ্গলবার রাত সাড়ে ৯টা নাগাদ ঘটনাটি ঘটেছে। মৃতেরা অলংকারপুর গ্রামের বাসিন্দা। গতকাল রাতে পরিবারের এক সদস্যের সঙ্গে নাতনিকে নিয়ে বাইকে করে দিঘার ইসকন মন্দিরে পুজো দিতে গিয়েছিলেন নীরদা দেবী। রাতে পুজো দিয়ে ফেরার সময় নিয়ন্ত্রণ হারিয়ে বাইকটি পড়ে যায়। নাতনি এবং ঠাকুমা বাইক থেকে সড়কের ওপর পড়ে যান। সেই সময় পিছন থেকে একটি ডাম্পার আসছিল। তখনই ডাম্পারের চাকায় পিষ্ট হয়ে যান নাতনি এবং ঠাকুমা। তড়িঘড়ি স্থানীয়রা দু'জনকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যান। সেখানে চিকিৎসকরা তাদের মৃত ঘোষণা করেন। ঘটনা খবর পেয়ে সেখানে পৌঁছায় পুলিশ। এই ঘটনার পরে ডাম্পার চালক এবং খালাসি পালিয়ে যায়। ডাম্পারটি আটক করেছে পুলিশ। জানা গিয়েছে, ডাম্পারটি রামনগর থেকে দিঘার দিকে যাচ্ছিল। পুলিশ দু'জনের মৃতদেহ ময়নাতনদের জন্য পাঠিয়েছে। ডাম্পারের গতি স্বাভাবিকের চেয়ে বেশি ছিল বলেই অভিযোগ তুলেছেন স্থানীয়রা। এই ঘটনার পর এলাকায় বেশ কিছুক্ষণ যানজট দেখা যায়। পরে পুলিশ এসে যানজট নিয়ন্ত্রণ করে।

# মিলছে না রেশন

দুরন্ত বার্তা, জামুড়িয়া, ৯ নভেম্বর ঃ জামুড়িয়ার ১০ নম্বর ওয়ার্ডের নিংঘা এলাকায় আট দিন ধরে সব রেশন দোকান বন্ধ থাকায় রেশন গ্রাহকদের সমস্যায় পড়তে হচ্ছে। তাই জাতীয় কংগ্রেসের পক্ষ থেকে রেশন দোকানের দরজায় দলীয় পতাকা হাতে অবস্থান বিক্ষোভ করা হয়। কংগ্রেস নেতারা জানান, দীর্ঘদিন ধরে রেশনের দোকান খোলা হয়নি। এমনকি চলতি মাসে একবারও খোলা হয়নি এবং এই রেশনের দোকানটি তৃণমূল কংগ্রেসের কিছু দালালের মাধ্যমে পরিচালিত হচ্ছে। এই দালালরা সিপিএমের আমলে দালালি করত এবং এখন তৃণমূলের আমলে দালালি করছে। তারা বলেন, যদি রেশনের দোকান ঠিকমতো না খোলা হয় বা গ্রাহকরা রেশন না পান, তাহলে তারা বৃহত্তর আন্দোলনে যেতে বাধ্য হবেন। অন্যদিকে, ১০ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর ঊষা পাসোয়ানের প্রতিনিধি ভোলা পাসওয়ান বলেন, কয়েকদিন ধরে রেশনে কিছু সমস্যা ছিল, আজ তা মিটেছে এবং আজ থেকে আবার রেশন চালু করা হয়েছে। এই বিষয়ে এক রেশন ডিলার জানান, কিছু দিন ধরে রেশনের জিনিস আসছে না এবং এই মাসে এখনও রেশন দেওয়া হয়নি। কিছু জিনিস আসছে এবং কিছু জিনিস বাকি আছে। তাই দোকান বন্ধ ছিল। এক রেশন গ্রাহক বলেন, এ মাসে আজ পর্যন্ত রেশন পাইনি, তাই আজ এসেছি রেশন দেওয়া হচ্ছে কি না জানতে।

# গ্রেফতার অভিযুক্ত

দুরন্ত বার্তা, দিঘা, ৯ নভেম্বর ঃ সৈকত নগরী দিঘাতে বেড়াতে এসে ঘটে বিপত্তি। মদ্যপ অবস্থায় দুই বন্ধুর মধ্যে বচসা। আর বচসার জেরেই এক বন্ধুকে পিটিয়ে খুন করে অপর বন্ধু। পাঁচ মাস আগে এই ঘটনাটি ঘটে। অবশেষে মঙ্গলবার রাতভর অভিযান চালিয়ে পশ্চিম মেদিনীপুর জেলার সবং থেকে গ্রেফতার করা হল অভিযুক্তকে। দিঘা থানার পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধৃত ওই যুবকের নাম স্বপন দত্ত। জানা গিয়েছে, ওই যুবকের বাড়ি পশ্চিম মেদিনীপুর জেলার সবংয়ে। মঙ্গলবার রাতে অভিযান চালিয়ে গ্রেফতার করে বুধবার আদালতে তোলা হয় ধৃতকে। কাঁথি মহকুমা আদালতে অভিযুক্তকে তোলা হলে বিচারক তার জামিন নাকচ করে সাতদিনের পুলিশি হেফাজতের নির্দেশ দেন। আপাতত ওই যুবককে হেফাজতে নিয়ে তদন্ত চালাচ্ছে পুলিশ। বাকিদের খোঁজ চালাচ্ছে দিঘা থানার পুলিশ। এ বিষয়ে দিঘা থানার ওসি বুদ্ধদেব মাল বলেন, অভিযোগের ভিত্তিতে তদন্তে নেমে অভিযুক্তকে গ্রেফতার করা হয়েছে। অভিযুক্তকে হেফাজতে নেওয়া হয়েছে। পুরো ঘটনাটি খতিয়ে দেখা হচ্ছে।

# রাতেও টয় ট্রেন

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৯ নভেম্বর ঃ পর্যটকদের জন্য অভিনব উদ্যোগ নিয়ে এল দার্জিলিং হিমালয়ান রেল কর্তৃপক্ষ। দিনের পাশাপাশি এবার রাতেও ছুটবে খেলনা গাড়ি। এবার রাতের অন্ধকারে ঘন কুয়াশার চাদরে মোড়া পাহাড়ের বুকে হুইসেল বাজিয়ে ছুটবে টয়ট্রেন। মূলত ঘুম ফেস্টিভ্যালে ওই পরিষেবা চালুর উদ্যোগ নিয়েছে ডিএইচআর কর্তৃপক্ষ। আর কর্তৃপক্ষের ওই উদ্যোগে উৎফুল্ল পর্যটনমহল। ১২ নভেম্বর থেকে দার্জিলিংয়ে শুরু হচ্ছে ঘুম ফেস্টিভ্যাল। চলবে ৫ ডিসেম্বর পর্যন্ত। নাইট জয় রাইডের পাশাপাশি থাকবে লোক সংস্কৃতির নাচ, গান, ব্যান্ড সহ অন্যান্য অনুষ্ঠান। কাটিহারের ডিআরএম এসকে চৌধুরী বলেন, ঘুম ফেস্টিভ্যালের কথা মাথায় রেখে আমরা নাইট জয় রাইড পরিষেবা চালু করছি। অনেক সময় অনেক পর্যটক পাহাড়ে ঘুরতে গেলেও জয় রাইডের টিকিট পান না। অনেকে আবার রাতে ঘুরতে চান। সেই চাহিদার কথা মাথায় রেখে আমরা ওই পরিষেবা চালু করছি। আপাতত সপ্তাহে একদিন করে চলবে। পরে চাহিদা বাড়লে নাইট জয় রাইডের সংখ্যা বাড়ানো হবে। ঘুম ফেস্টিভ্যালের সময় সপ্তাহে এক দিন করে চলবে ওই জয় রাইড। প্রতি শনিবার রাত ছটা থেকে সাড়ে সাতটা পর্যন্ত ওই জয় রাইড চলবে। দার্জিলিং রেল স্টেশন থেকে ঘুম পর্যন্ত ১০ কিলোমিটার যাত্রাপথ। মাঝে বাতাসিয়া লুপে ১৫ মিনিটের বিশ্রাম। এরপর ঘুম স্টেশনে ২৫ মিনিটের বিশ্রাম। তারপর ঘুম থেকে আবার দার্জিলিং স্টেশন ফেরত।

# সভাপতি আশীষ

দুরন্ত বার্তা, রামপুরহাট, ৯ নভেম্বর ঃ রামপুরহাট বালিকা বিদ্যালয়ের সভাপতি মনোনীত হলেন আশীষ বন্দ্যোপাধ্যায়। এই নিয়ে তিনবার সভাপতি হলেন তিনি। পাশাপাশি, রামপুরহাট উচ্চ বিদ্যালয়ের সভাপতি মনোনীত হলেন তাঁরই সুযোগ্য ছাত্র আরশাদ হোসেন। তিনিও এই নিয়ে পাঁচবার সভাপতি মনোনীত হলেন। একই দিনে গুরু শিষ্য শহরের দুই খ্যাতনামা স্কুলের সভাপতি মনোনীত হলেন। রাজ্যের শিক্ষা দফতর থেকে তাঁদের নাম মনোনীত হয়ে আসে। উল্লেখ্য, রামপুরহাট উচ্চ বিদ্যালয় জেলার সব থেকে প্রাচীন বিদ্যালয়। সেই স্কুলের ছাত্র আশীষ বন্দ্যোপাধ্যায়। একইভাবে রামপুরহাট বালিকা উচ্চ বিদ্যালয়ও একটি ঐতিহ্যবাহী বিদ্যালয়। আশীষবাবুর মাধ্যমে প্রভূত উন্নয়ন ঘটে এই স্কুলের। রামপুরহাট উচ্চ বিদ্যালয় রাজ্যের মধ্যে সেরা স্থানও লাভ করে।

# বছরে চারবার

দুরন্ত বার্তা, পূর্ব মেদিনীপুর, ৯ নভেম্বর ঃ এবার থেকে বছরে একবার নয় বছরে চারবার অর্থাৎ তিন মাস অন্তর ভোটার তালিকায় নাম নথিভুক্ত ও সংশোধন করা যাবে। বুধবার সাংবাদিক বৈঠক করে জানালেন পূর্ব মেদিনীপুরের জেলাশাসক পূর্ণেন্দু মাজি। তিনি জানান, ভোটার তালিকার বিশেষ সংক্ষিপ্ত সংশোধন কর্মসূচী নেওয়া হয়েছে ৯ নভেম্বর থেকে ৮ ডিসেম্বর পর্যন্ত। এবারে বছরে একবার নয়, তিন মাস ছাড়াই ভোটার তালিকায় নাম তোলা যাবে। সেই নির্দেশিকা জারি করেছে নির্বাচন কমিশন। প্রতি বুথেই বিএলও-এর কাছে এই সংশোধন করা যাবে। প্রত্যেক শনি ও রবিবার ১১টা থেকে ৪ স্পেশাল ডেতে বাকি দিনগুলি ১২ টা থেকে ২ টা পর্যন্ত পরিষেবা দেওয়া হবে। ভোটারদের জন্য নির্বাচন কমিশনের এই উদ্যোগ।

# স্বাস্থ্য সাথী কার্ডে চিকিৎসার প্রতিশ্রুতি দিয়েও লাগামছাড়া বিল নার্সিংহোমের

সুজিত দত্ত, বর্ধমান, ৯ নভেম্বর ঃ পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্যসাথী কার্ডে বিনামূল্যে চিকিৎসার প্রতিশ্রুতি দিয়েও মোটা টাকা দাবী করার অভিযোগ উঠল বর্ধমানের এক বেসরকারি নার্সিংহোমের বিরুদ্ধে। এমনকি নার্সিংহোমের টাকা অনাদায়ে রোগীকে আটকে রাখা হয় বলে চাঞ্চল্যকর অভিযোগ আনা হয়েছে রোগীর পরিবারের পক্ষ থেকে। মোটা টাকা চিকিৎসা বাবদ দাবী করছে ওই বেসরকারি নার্সিংহোম কর্তৃপক্ষ, অভিযোগ রোগীর পরিবারের। নার্সিংহোম কর্তৃপক্ষের দাবী মতো বিপুল পরিমানের টাকা দিতে না পারায় সমস্যায় পড়েছে পূর্ব বর্ধমানের ভাতার থানার অন্তর্গত আমারুনের পরিবারটি। যদিও সমস্ত অভিযোগ অস্বীকার করেছে বর্ধমানের ওই নার্সিংহোম কর্তৃপক্ষ। তাদের দাবী, স্বাস্থ্যসাথী প্রকল্পে মাধ্যমে ওই রোগীর চিকিৎসা করা সম্ভব নয় তা আগেই রোগীর পরিবারকে জানানো হয়েছিল। এই বিষয়ে রোগী রেহেনা খাতুনের বাবা রহসন আলি শেখের অভিযোগ, আমার মেয়ে বিরল রোগে আক্রান্ত তাকে বর্ধমানের একটি বেসরকারি নার্সিংহোমে ভর্তি করে চিকিৎসা করাছিলাম। ভালো চিকিৎসার করানোর জন্য অন্য নার্সিংহোমে স্থানান্তরিত করার চিন্তাভাবনা ছিল। সেই মতো জিয়ারুল নামে এক ব্যক্তির সঙ্গে পরিচয় হয় এবং সে স্বাস্থ্যসাথী কার্ডে মেয়ের ভালো চিকিৎসার প্রতিশ্রুতি দিয়ে বর্ধমানের নবাবহাট এলাকায় ওই বেসরকারি নার্সিংহোমে নিয়ে যায়। প্রথম দিকে স্বাস্থ্যসাথী কার্ডে চিকিৎসার কথা বললেও পাঁচ দিন পর ৫৬হাজার টাকা বিল বাবাদ মিটিয়ে দেওয়ার জন্য ক্রমাগত চাপ দিতে থাকে নার্সিংহোম কর্তৃপক্ষ। এত পরিমান টাকা দিতে সামর্থ্য নাই বলে জানিয়ে দেন রহসন বাবু। এই বিষয়ে দীর্ঘ কথাবার্তার পর নার্সিংহোম কর্তৃপক্ষ কোন রকম ওষুধের রসিদ বা অন্য খরচের রসিদ না দিয়েই একটি ৩৬ হাজার টাকা রসিদ বানিয়ে দেয় এবং তা পরিশোধ করে রোগীকে নিয়ে চলে যেতে নির্দেশ দেয়। এতেই রোগী নিয়ে অথৈ জলে পড়ে যান রোগীর বাবা রহসন আলি শেখ। তার প্রশ্ন, পাঁচদিনে কি চিকিৎসা হয়েছে বা কি কি ওষুধ ব্যবহার হয়েছে তা নার্সিংহোম কর্তৃপক্ষ কিছুই তাকে জানাছে না। সেই সঙ্গে রাজ্যে সরকারের স্বাস্থ্যসাথী কার্ডে চিকিৎসা করালে এতো পরিমান টাকা লাগে আমার জানা ছিল না। আমার মতো নিম্ন মধ্যবিত্ত মানুষের সঙ্গে স্বাস্থ্যসাথী কার্ডের নাম করে প্রতারণা করেছে নার্সিংহোম কর্তৃপক্ষ বলে দাবী রহসন আলি শেখের। এই বিষয়ে নার্সিংহোম কর্তৃপক্ষের পক্ষ থেকে অমিত মুখার্জী দাবী করেন, তাদের নার্সিংহোম তৃতীয় স্তরের হওয়ায় এই রকম জটিল রোগের আক্রান্তের চিকিৎসা স্বাস্থ্যসাথী কার্ডের মাধ্যে করতে পারবেন না। পাশাপাশি তারা রোগী ভর্তির সময় সেই কথা জানিয়ে দিয়েছিলেন বলে জানান অমিত মুখার্জী। তার দাবী, ভাতারের বাসিন্দা রেহেনা খাতুনের পাঁচদিনে যা চিকিৎসার খরচ ও চিকিৎসকের ফিজ যা তাই দাবী করা হয়েছে। নার্সিংহোমের বেড ভাড়া কিংবা অন্য কোন খাত বাবদ কোন টাকা তারা চান নি। এই ঘটনায় স্বাভাবিকভাবেই চাঞ্চল্য ছড়িয়ে পড়ে বর্ধমানে।

# সার্কাসের ময়দানে জনসচেতনা বৃদ্ধি

দুরন্ত বার্তা, রানীগঞ্জ, ৯ নভেম্বর ঃ সার্কাসের ময়দানে জনসচেতনতা বৃদ্ধির উদ্যোগ নিলেন আসানসোল দুর্গাপুর পুলিশ কমিশনারেটের রানীগঞ্জ ট্রাফিক গার্ডের পুলিশ। মঙ্গলবার রাতে রানীগঞ্জ ট্রাফিক গার্ডের পক্ষ থেকে এক অভিনব উপায়ে জনসচেতনতা বৃদ্ধির উদ্যোগ নেয় ট্রাফিক গার্ডের পুলিশ। এদিন রানীগঞ্জের সিয়ারসোল রাজ ময়দানের সার্কাস চলাকালীন ট্রাফিক গার্ডের পক্ষ থেকে 'সেফ ড্রাইভ সেভ লাইফ' অভিযানকে সফল করার লক্ষ্যে যানবাহন নিরাপদে চালানোর প্রসঙ্গ উপস্থাপন করেন ট্রাফিক গার্ডের ওসি চিত্ততোষ মন্ডল। এদিন সার্কাস ক্যাম্পাসের মধ্যেই প্রজেক্টরের মাধ্যমে দেখান, কোন কোন বিধিনিষেধ না মানলে কি শাস্তি রয়েছে ও কেন মানা উচিত এসব নিয়মনীতি। তা এক এক করে প্রজেক্টরের মাধ্যমে তুলে ধরেন তারা। সমস্ত ওই বিষয়গুলি স্পষ্ট করে দেন ট্রাফিক ওসি চিত্ততোষ মন্ডল। এদিন সার্কাসের ময়দানে প্রথমে পুলিশ প্রশাসনের হঠাৎ এ ধরনের উপস্থাপনে জনগণ কিছুটা হতচকিত হলেও নিজেদের সতর্কতার বিষয়গুলি যখন এক এক করে জানতে পারেন সেই সকল বিষয় দেখে খুশি হন সার্কাসে আসা আগত দর্শক।

---

**West Bengal Scheduled Castes, Scheduled Tribes & Other Backward Classes Development & Finance Corporation**
(A Government of West Bengal Undertaking)
**CF-217/A/1 Sector-I, Salt Lake, Kolkata - 700064**

**NOTICE INVITING E-TENDER**

The Corporation intends to procure **900 sets of musical instruments traditionally used by tribal communities**. The instruments are to be delivered to 11 districts of the State. Tender document is available in **https://wbtenders.gov.in** under the Organization Name **"WEST BENGAL SC, ST & OBC DEVELOPMENT AND FINANCE CORPORATION"**. **Last date and time for submission of e-Tender: 5:00 PM of 12/11/2022**. For details, **Contact – 033 40261500** or mail your queries to **md.scstdfc@gmail.com**.

**Managing Director**

---

## লিখামি কনসালন্টিং লিমিটেড

CIN: L45209WB1982PLC034804
রেজি. অফিস ঃ ৬২এ, ড. মেঘনাদ সাহা সরণী, রুম নং.১, ২য় ফ্লোর,
সার্দান এভিনিউ, কলকাতা-৭০০০২৯
ই-মেলঃ info@likhamiconsulting.com, ওয়েবসাইট ঃ ww.likhamiconsulting.com

**সংক্ষিপ্ত অনিরীক্ষিত স্বতন্ত্র আর্থিক বিবরণী ত্রৈমাসিক এবং ছয় মাস সমাপ্তে ৩০ সেপ্টেম্বর, ২০২২**
**(দেখুন ধারা ৪৭(১) (বি) সেবি (এলওআরডি) ধারা, ২০১৫)**

(লক্ষ টাকায়)

| ক্র নং. | বিবরণ | ত্রৈমাসিক শেষে ৩০ সেপ্টেম্বর, ২০২২ | বছর থেকে তারিখ চলতি বছর সমাপ্তে ৩০ সেপ্টেম্বর ২০২২ | চলতি ত্রৈমাসিকে পূর্বেকার বছর সমাপ্তে ৩০ সেপ্টেম্বর, ২০২২ |
|---|---|---|---|---|
| | | অনিরীক্ষিত | অনিরীক্ষিত | অনিরীক্ষিত |
| ১ | মোট আয় কারবার থেকে | ১২.৫২ | ৪৭.১৯ | ১১.৮৫ |
| ২ | মোট লাভ / (ক্ষতি) মেয়াদে (করের পূর্বে, অতিরিক্ত এবং / অথবা অসাধারণ আইটেমে) | ৩.১৯ | ২৫.২৯ | ২.৯০ |
| ৩ | মোট লাভ / (ক্ষতি) মেয়াদে করের পূর্বে ( অতিরিক্ত এবং / অথবা অসাধারণ আইটেম পর) | ৩.১৯ | ২৫.২৯ | ২.৯০ |
| ৪ | মোট লাভ / (ক্ষতি) মেয়াদে করের পর (অতিরিক্ত এবং / অথবা অসাধারণ আইটেম পর) | ৩.১৯ | ২৫.২৯ | ২.৯০ |
| ৫ | মোট ব্যাপক আয় মেয়াদে (সংযুক্ত লাভ / (ক্ষতি) মেয়াদে (করের পর) এবং অন্যান্য ব্যাপক আয় | ৩.১৯ | ২৫.২৯ | ২.৯০ |
| ৬ | ইক্যুইটি শেয়ার মূলধন | ৯৯৫.০০ | ৯৯৫.০০ | ৯৯৫.০০ |
| ৭ | সংরক্ষিত ( রেভিলিউশান রিজার্ভ সহ যা দেখানো হয়েছে পূর্বেকার বছরের নিরীক্ষিত ব্যালেন্স শিটে) | - | - | - |
| ৮ | শেয়ার প্রতি আয় (১০ /- টাকা প্রতি) (বার্ষিকীকৃত নহে) মূল ও মিশ্র | ০.০৩ | ০.২৫ | ০.০৩ |

দ্রষ্টব্য ঃ
উপরোক্ত ফলাফল সংক্ষিপ্ত রূপ বিস্তারিত ফরম্যাট ত্রৈমাসিক এবং ছয় মাস সমাপ্তে ৩০ সেপ্টেম্বর, ২০২২ অনিরীক্ষিত আর্থিক ফলাফল যা সম্পূর্ন করা হয়েছে স্টক এক্সচেঞ্জে অধীন ধারা ৩৩ সেবি (লিস্টিং অব্লিগেশানস অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) ধারা, ২০১৫। বিস্তারিত ফরম্যাট অনিরীক্ষিত আর্থিক ফলাফল পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জ ওয়েবসাইটে-www.bseindia.com ও www.cse-india.com। একই পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইটে- www.likhamiconsulting.com।

বোর্ডের আদেশানুসারে
লিখামি কনসালন্টিং লিমিটেড-এর পক্ষে
বাবু লাল জৈন
সর্বক্ষণের পরিচালক
DIN No.:02467622

স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ০৯ নভেম্বর, ২০২২

---

## ধূপগুড়ি স্টেশনে পার্কিং-এর চুক্তি

আলিপুরদুয়ার ডিভিশনে ধূপগুড়ি স্টেশনে পার্কিং চুক্তির লাইসেন্স প্রদানের জন্য ই-নিলামের আমন্ত্রণ। **ক্যাটালগ নং.ঃ** পার্কিং-০৫, তারিখঃ ০৭-১১-২০২২; **একক দরঃ** বার্ষিক লাইসেন্সিং ফি; **দিনঃ** ১৮২৬; **নিলাম শুরুর তারিখঃ** ২২-১১-২০২২ সকাল ১০.৩০ মিনিট; **লট নং./ শ্রেণীঃ** পার্কিং-এপিডিজে-ডিকিউজি-এমএক্স-৫-২২-২ (পার্কিং-মিশ্র); **লটের বর্ণনাঃ** ধূপগুড়ি রেলওয়ে স্টেশনে দুই চাকা, তিন চাকা এবং চার চাকার গাড়ির জন্য পার্কিং লট; **নিলামের শেষ তারিখঃ** ২২-১১-২০২২ তারিখে **সকাল** ১১.০০; আরো বিস্তারিত জানার জন্য **www.ireps.gov.in** ওয়েবসাইটি দেখুন।

ডিআরএম(সি), আলিপুরদুয়ার জং.
**উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে**
প্রসন্ন চিত্তে মানুষের সেবায়

---

**Abridged NIQs**
**O/o the Exe. Engineer, Jhargram Electrical Division, PWDte.**
**WBPWD/EE/JED/NIQ30/2022-23**
**WBPWD/EE/JED/NIQ31/2022-23**
Bid submission Last Dates: **11/11/2022.**
For details, follow **www.pwdwb.in** or visit the office.

---

## নিউ কোচবিহারে ব্যবসায়ীর দোকান

**ই-টেন্ডার বিজ্ঞপ্তি নং.ঃ ১০৭/ডব্লু-২/এপিডিজে, তারিখঃ** ০৭-১১-২০২২; নীচে স্বাক্ষরিত আধিকারিক নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করছেন; **টেন্ডার নং.ঃ** ৪২-এপি-।-২০২২; **কাজের নামঃ** নিউ কোচবিহারে-আরপিএসএফ ১৪বিএন-এ ইউনিট ক্যান্টিন, আনুষঙ্গিক/বাণিজ্যের দোকানের ব্যবস্থা; **টেন্ডার মূল্যঃ** ৭৭,৩৯,১৬৯.২২ টাকা; **বায়না মূল্যঃ** ১,৫৪,৮০০/- টাকা; টেন্ডার **বন্ধের** তারিখ ও সময় **দুপুর ১টা** এবং **খোলা** ০৬-১২-২০২২ তারিখ **দুপুর ৩টে**। উপরের ই-টেন্ডারের টেন্ডার নথি সহ সম্পূর্ণ তথ্য **www.ireps.gov.in** ওয়েবসাইটে পাওয়া যাবে।

ডিআরএম(ডব্লু), আলিপুরদুয়ার জং.
**উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে**
প্রসন্ন চিত্তে মানুষের সেবায়

---

**PRONTO INDUSTRIAL SERVICES LIMITED**
"Centre Point", 21, Hemant Basu Sarani,
Third Floor, Room No. 306,
Kolkata- 700001
**CIN: L67120WB1982PLC035476**

**NOTICE**

Notice is hereby given pursuant to Regulation 29 of SEBI (Listing Obligations & Disclosure Requirements) Regulations 2015 that a meeting of the Board of Directors of the Company will be held at the Registered Office of the Company on 14th November, 2022 at 1:00 P.M. inter alia, to consider and approve the Unaudited Financial Results of the Company for the quarter and half year ended 30th September, 2022.

With reference to notice of Board Meeting as above, this is to further inform you that as per the Company's Code of Conduct for Prohibition of Insider Trading, the trading window for dealing in the securities of the Company will be closed for all directors / KMP/ officers / designated employees of the Company till 16th November, 2022.

**For PRONTO INDUSTRIAL SERVICES LTD**
**Suraj Ratan Bagree**
**Wholetime Director**
**DIN: 02515173**

Date : 07.11.2022
Place : Kolkata

---

**IIFL FINANCE** গোল্ড লোন

**PUBLIC NOTICE**

The branch of IIFL Finance Ltd. located at 567, Diamond Harbor Road (KMC Holding No. 81-A), 2nd Floor, Near Behala Police Station, Kolkata - 700034, West Bengal, will be shifted to below mentioned address with effect from 15th November, 2022.

**New Address: IIFL Finance Ltd., 567, Diamond Harbor Road (KMC Holding No. 81-A), 1st Floor, Near Behala Police Station, Kolkata - 700034, West Bengal. Contact: 90736 93420 / 90736 93423..**

All existing services can be availed at the new location.

**সর্বজনীন সূচনা**

567, ডায়মন্ড হারবার রোড (কেএমসি হোল্ডিং নম্বর 81-এ), 2য় তলা, বেহালা পুলিশ স্টেশনের কাছে, কলকাতা - 700034, পশ্চিমবঙ্গে অবস্থিত ইন্ডিয়া ইনফোলাইন ফাইন্যান্স লিমিটেড-এর শাখা 15ই নভেম্বর 2022 থেকে নিম্নোক্ত ঠিকানায় স্থানান্তরিত হবে।

**নতুন ঠিকানা: আইআইএফএল ফাইন্যান্স লিমিটেড, 567, ডায়মন্ড হারবার রোড (কেএমসি হোল্ডিং নম্বর 81-এ), 1ম তলা, বেহালা পুলিশ স্টেশনের কাছে, কলকাতা - 700034, পশ্চিমবঙ্গ। যোগাযোগ নং- 90736 93420 / 90736 93423**

সমস্ত বিদ্যমান পরিষেবাগুলি নতুন স্থানে নেওয়া যেতে পারে।

---

## টি স্পিরিচুয়াল ওয়ার্ল্ড লিমিটেড

CIN: L63040WB1986PLC040796
রেজি. অফিস ঃ ৪ নেতাজি সুভাষ রোড, ১ম ফ্লোর, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০০০১
ই-মেলঃ complianceofficer@tspritualworld.com
ওয়েবসাইট ঃ www.tspritualworld.com

**সংক্ষিপ্ত অনিরীক্ষিত স্বতন্ত্র আর্থিক বিবরণী ত্রৈমাসিক এবং ছয় মাস সমাপ্তে ৩০ সেপ্টেম্বর, ২০২২**
**(দেখুন ধারা ৪৭(১) (বি) সেবি (এলওআরডি) ধারা, ২০১৫)**

(লক্ষ টাকায়)

| ক্র নং. | বিবরণ | ত্রৈমাসিক শেষে ৩০ সেপ্টেম্বর, ২০২২ | বছর থেকে তারিখ চলতি বছর সমাপ্তে ৩০ সেপ্টেম্বর, ২০২২ | চলতি ত্রৈমাসিকে পূর্বেকার বছর সমাপ্তে ৩০ সেপ্টেম্বর, ২০২১ |
|---|---|---|---|---|
| | | অনিরীক্ষিত | অনিরীক্ষিত | অনিরীক্ষিত |
| ১ | মোট আয় কারবার থেকে | - | - | ২.৬২ |
| ২ | মোট লাভ / (ক্ষতি) মেয়াদে (করের পূর্বে, অতিরিক্ত এবং / অথবা অসাধারণ আইটেমে) | (৩.৩০) | (১১.৭০) | (০.৬৯) |
| ৩ | মোট লাভ / (ক্ষতি) মেয়াদে করের পূর্বে ( অতিরিক্ত এবং / অথবা অসাধারণ আইটেম পর) | (৩.৩০) | (১১.৭০) | (২৯.৪৮) |
| ৪ | মোট লাভ / (ক্ষতি) মেয়াদে করের পর (অতিরিক্ত এবং / অথবা অসাধারণ আইটেম পর) | (৩.৩০) | (১১.৭০) | (২৯.৪৮) |
| ৫ | মোট ব্যাপক আয় মেয়াদে (সংযুক্ত লাভ / (ক্ষতি) মেয়াদে (করের পর) এবং অন্যান্য ব্যাপক আয় | (৩.৩০) | (১১.৭০) | (২৯.৪৮) |
| ৬ | ইক্যুইটি শেয়ার মূলধন | ২,০০০.২০ | ২,০০০.২০ | ২,০০০.২০ |
| ৭ | সংরক্ষিত ( রেভিলিউশান রিজার্ভ সহ যা দেখানো হয়েছে পূর্বেকার বছরের নিরীক্ষিত ব্যালেন্স শিটে) | - | - | - |
| ৮ | শেয়ার প্রতি আয় (১০ /- টাকা প্রতি) (বার্ষিকীকৃত নহে) মূল ও মিশ্র | (০.০২) | (০.০৬) | (০.১৫) |

দ্রষ্টব্য ঃ
উপরোক্ত ফলাফল সংক্ষিপ্ত রূপ বিস্তারিত ফরম্যাট ত্রৈমাসিক ও ছয় মাস সমাপ্তে অনিরীক্ষিত আর্থিক ফলাফল যা সম্পূর্ন করা হয়েছে স্টক এক্সচেঞ্জে অধীন ধারা ৩৩ সেবি (লিস্টিং অব্লিগেশানস অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) ধারা, ২০১৫। বিস্তারিত ফরম্যাট অনিরীক্ষিত আর্থিক ফলাফল পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জ ওয়েবসাইটে-www.bseindia.com ও www.cse-india.com। একই পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইটে- www.tspritualworld.com।

বোর্ডের আদেশানুসারে
টি স্পিরিচুয়াল ওয়ার্ল্ড লিমিটেড
নেত্র বাহাদুর রনভাট
সর্বক্ষণের পরিচালক
DIN :06716666

স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ০৯ নভেম্বর, ২০২২

---

## হাওড়া পৌর নিগম

৪, মহাত্মা গান্ধী রোড, হাওড়া-৭১১১০১

এনআইটি নং ঃ ০৮/ইডি /পি অ্যান্ড জি/২০২২-২০২৩ তারিখ ঃ ০৭.১১.২০২২

-ঃ দরপত্র বিজ্ঞপ্তি ঃ-

হাওড়া পৌর নিগমের সহঃ প্রযুক্তিবিদ ( পার্ক অ্যান্ড গার্ডেন) কর্তৃক অভিজ্ঞ ঠিকাদারের নিকট হইতে হাওড়া পৌর নিগম এর উপরোক্ত টেন্ডার নোটিশ উল্লিখিত কাজের জন্য দরপত্র আহ্বান করা হইতেছে। এই সম্পর্কিত কাজের বিস্তারিত বিবরণ পৌর নিগমের প্রযুক্তি (পার্ক অ্যান্ড গার্ডেন) বিভাগে যে কোন কাজের দিন বেলা ১২টা থেকে ৪টা পর্যন্ত (শনিবার বাদে) এবং হাওড়া পৌর নিগমের https//:www.wbtenders.gov.in এই ওয়েবসাইটে পাওয়া যাবে।
আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ১৮.১১.২০২২ বেলা ৫.০০ টা পর্যন্ত।
কোনরূপ কারণ উল্লেখ ব্যতীত টেন্ডার গ্রহণ ও বাতিলের অধিকার পৌর নিগম কর্তৃপক্ষ দ্বারা সংরক্ষিত।

সহঃ প্রযুক্তিবিদ
হাওড়া পৌর নিগম

২৫৪(১)/২২-২৩ ০৯.১১.২০২২

---

**Office of the Executive Officer**
**Singur Panchayat Samity**
**e-TENDER NOTICE**

Digitally signed and encrypted e-Tender is invited from the eligible Bidder for online submission for tender reference no: 1672/EO, Singur, Dated 09.11.2022 for Renovation of 1 No. "Singur Panchayat Samity Office Building" within Singur Panchayat Samity, Hooghly. Last date for the online Bid submission is **24/11/2022 up to 06.00 pm.** Detail will be available at the website: **www.wbtenders.gov.in (Tender ID 2022_ZPHD_420755_1).**

**Sd/- Executive Officer**
**Singur Panchayat Samity**
**Singur, Hooghly**

---

**BANUPUR-1 GRAM PANCHAYAT**
**Post: Banipur, P.S.: Sankrail, Dist: Howrah**
**Email: banupur1gp@gmail.com**

Sealed Tender is invited by the Prodhan, Banupur-1 Gram Panchayat for Total 7(Seven)Nos. works. Sl. No. **(1) NIT No-Banu-1/eNIT-01/2022-23, Date-04.11.2022,** Construction of New Drain with cover slab from H/o Dilip Patowari to High Drain and H/o Batoram, **ID: 47667815, (2) NIT No-Banu-1/eNIT- 02/2022-23, Date-04.11.2022,** Renovation of Drain with cover slab from H/o Asma to H/o Rojadin, **ID: 47657687, (3) NIT No-Banu-1/eNIT-03/2022-23, Date-04.11.2022,** Construction of Drain with slab from Tariqquee Urdu High School inside to H/o Kalam Khan to Khaldhar, **ID: 4771279, (4) NIT No-Banu-1/eNIT-04/2022-23, Date-04.11.2022,** Domestic water supply plant at near H/o Ali Hossain, MD. Hussain and Guriya at Sangsad VI, **ID: 47679802, (5) NIT No-Banu-1/eNIT-05/2022-23, Date- 04.11.2022,** Domestic water supply plant Y-Line at Sangsad IV, **ID: 47665684, (6) NIT No-Banu-1/eNIT-06/2022-23, Date-04.11.2022,** Setting up community sanitary complex near Rajganj Nurani Jama Masjid at Sangsad IX, **(7) NIT No-Banu-1/eNIT-07/2022-23, Date-04.11.2022,** Setting up community sanitary complex near 254 No. AWW Center at Sangsad IX. Last date and time of Tender submission on **14.11.2022 at 5.00 P.M.** Date of opening of Tender on **16.11.2022 at 2.30 P.M.** For further details please visit office of the undersigned on any working days.

**Sd/- Prodhan**
**Banupur 1 G.P.**

---

## আইজিসি ইন্ডাস্ট্রিস লিমিটেড

**CIN-L51909WB1980PLC032950**
**রেজিস্টার্ড অফিসঃ** আইমাক্স লোহিয়া স্কোয়ার, অফিস নং-৪বি, ৪র্থ ফ্লোর, প্রিমিসেস নং. ২৩,
গঙ্গাধর বাবু লেন, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০০১২। **ই-মেলঃ** igcfoils@gmail.com

**স্বতন্ত্র অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত রূপ ত্রৈমাসিক এবং ছয় মাস সমাপ্তে ৩০ সেপ্টেম্বর, ২০২২**

(লক্ষ টাকায় শেয়ার প্রতি আয় ছাড়া)

| ক্রম. | বিবরণ | ছয় মাস শেষে | | ত্রৈমাসিক শেষে | ত্রৈমাসিক শেষে | | বছর শেষে |
|---|---|---|---|---|---|---|---|
| | | ৩০.০৯.২০২২ অনিরীক্ষিত | ৩০.০৯.২০২১ অনিরীক্ষিত | ৩০.০৯.২০২২ অনিরীক্ষিত | ৩০.০৬.২০২২ অনিরীক্ষিত | ৩০.০৯.২০২১ অনিরীক্ষিত | ৩১.০৩.২০২২ নিরীক্ষিত |
| ১ | মোট আয় কারবার থেকে | ০.১০ | ৩.৪১ | ০.১০ | - | ০.৩০ | ৩.৮৫ |
| ২ | মোট লাভ / (ক্ষতি) মেয়াদে (কর এবং ব্যতিক্রমী আইটেম পূর্বে) | (৯.৫৮) | (১৯.০১) | (৩.২০) | (৬.৩৭) | (১২.৫৯) | (৩৪.৯১) |
| ৩ | মোট লাভ / (ক্ষতি) মেয়াদে করের পূর্বে (ব্যতিক্রমী আইটেম পর) | (৯.৫৮) | (১৯.০১) | (৩.২০) | (৬.৩৭) | (১২.৫৯) | (৩৪.৯১) |
| ৪ | মোট লাভ / (ক্ষতি) মেয়াদে করের পর (ব্যতিক্রমী আইটেম পর) | (৯.৫৮) | (১৯.০১) | (৩.২০) | (৬.৩৭) | (১২.৫৯) | (৩৪.৯১) |
| ৫ | মোট ব্যাপক আয় মেয়াদে (সংযুক্ত লাভ / (ক্ষতি) মেয়াদে (করের পর) এবং ব্যাপক আয় (করের পর) | (৯.৫৮) | (১৯.০১) | (৩.২০) | (৬.৩৭) | (১২.৫৯) | (৩৪.৯১) |
| ৬ | ইক্যুইটি শেয়ার মূলধন | ২২৪.০০ | ২২৪.০০ | ২২৪.০০ | ২২৪.০০ | ২২৪.০০ | ২২৪.০০ |
| ৭ | অন্যান্য ইক্যুইটি (রেভলিউশান রিজার্ভ ছাড়া) যা দেখানো হয়েছে পূর্বেকার বছরের অডিট ব্যালেন্স শিটে | - | - | | | | |
| ৮ | শেয়ার প্রতি আয় (১০ টাকা প্রতি) (চলচি এবং অচলতি আয় থেকে)- মূল | (০.৪৩) | (০.৮৫) | (০.১৪) | (০.২৮) | (০.৫৬) | (১.৫৬) |

দ্রষ্টব্য ঃ
১ উপরোক্ত সংক্ষিপ্ত ফলাফল বিস্তারিত ত্রৈমাসিক এবং বছর সমাপ্তে আর্থিক ফলাফল সজ্জিত হয়েছে স্টক এক্সচেঞ্জের অধীন ধারা ৩৩ সেবি (লিস্টিং অব্লিগেশানস এবং ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) ধারা, ২০১৫ অনুসারে। বিস্তারিত ফলাফল পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে www.bseindia.com এবং কোম্পানির ওয়েবসাইটে।
২ উপরোক্ত আর্থিক ফলাফল পর্যালোচিত হয়েছে অডিট কমিটি দ্বারা এবং অনুমোদিত হয়েছে বোর্ড অফ ডিরেক্টর এবং তাদের প্রতিনিধিদের সভায় যা অনুষ্ঠিত হয়েছে ৮ নভেম্বর, ২০২২।
৩ উপরোক্ত ফলাফল প্রস্তুত করা হয়েছে অনুসারী হিসাবে কোম্পানি (ভারত গননা গুনমান) ধারা, ২০১৫ (আইএনডি এএস) যা প্রস্তাবিত রয়েছে অধীন ধারা ১৩৩ কোম্পানি আইন, ২০১৩ এবং অন্যান্য প্রতিষ্ঠিত গননার অনুশীলন এবং পদ্ধতি অনুসারে যা বৃহত্তর আকারে প্রয়োজ্য।

আইজিসি ইন্ডাস্ট্রিস লিমিটেড-এর পক্ষে
স্বা /- প্রাচী রাজেশ মারওয়ার
ম্যানেজিং ডিরেক্টর

স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ৮ নভেম্বর, ২০২২

---

**SBI**

**স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, আরএসিপিসি বিধাননগর,**
**কোড নং ঃ ১৫৩৪২ জোনাল অফিস বিল্ডিং ( ৪র্থ ফ্লোর),**
**১/ ১৬, ভি.আই.পি. রোড, বিধাননগর, কলকাতা-৭০০০৫৪**

**নোটিস অধীন ১৩(২)**
**সারফেশি আইন,২০০২**

এতদ্বারা বিজ্ঞাপিত করা যায় যে নিম্নলিখিত গ্রাহক এবং জামিনদার ব্যর্থ হয়েছেন পরিশোধ করতে বকেয়া মূল রাশি সঙ্গে সুদ ঋণ সুবিধার যা গ্রহণ করেছেন ব্যাঙ্কের কাছ থেকে এবং যা প্রদর্শিত হয়েছে নন-পারফর্মিং অ্যাসেট (এনপিএ) হিসাবে। এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে অধীন ধারা ১৩(২) নিরাপত্তাকরণ এবং পুর্নগঠন আর্থিক সম্পত্তির এবং প্রয়োগ নিরাপত্তা আগ্রহ আইন,২০০২ তাদের সর্বশেষ জ্ঞাত ঠিকানায়, কিন্তু তা ফেরত এসেছে অপ্রদেয় হিসাবে এবং যার ফলে তাদের এই বিজ্ঞপ্তির মধ্য দিয়ে জ্ঞাত করানো হচ্ছে।

| ক্র. নং. | গ্রাহক ও জামিনদারের নাম ও ঠিকানা | সম্পত্তির বিবরণ / সুরক্ষিত সম্পত্তির ঠিকানা যাহাতে প্রয়োগ হবে | বিজ্ঞপ্তির তারিখ | এনপিএ তারিখ | বকেয়া রাশি (নোটিসের তারিখে) |
|---|---|---|---|---|---|
| ১ | **শ্রী সুদীপ ঘোষাল ও শ্রীমতি পারমিতা ঘোষাল**<br>পিতা-শম্ভুরাম ঘোষাল, হাউস নং. এইচ/ ৯ সুনদিয়া হাউসিং এস্টেট, গোলঘর পার্ক নিকট, পোস্ট জগদ্দল, জেলা উত্তর ২৪ পরগণা, পিন-৭৪৩১২৫ ও লতিকা অ্যাপার্টমেন্ট, ফ্ল্যাট নং. ৩এ, ৩য় ফ্লোর, ৩০৮ পূর্ব ঘোষপাড়া রোড, পোস্ট-শ্যামনগর, জেলা-উত্তর ২৪ পরগণা, পিন-৭৪৩১২৭<br>**হাউসিং টার্ম লোন**<br>**অ্যাকা. নং. ঃ ৩৯১১৪৬৩১৭৯১**<br>**সুরক্ষা টার্ম লোন**<br>**অ্যাকা. নং. ঃ ৩৯১১৪৬৪১২৪৫** | সমস্ত অংশ, একটি নিজ মালিকানাধীন ফ্ল্যাট মার্বেল মেঝে তৃতীয় ফ্লোরে (উত্তর-পশ্চিম মুখী) যা হল ফ্ল্যাট নং. ''৩-এ'' জি প্লাস ৪ বহুতল আবাসনে যার নাম ''লতিকা অ্যাপার্টমেন্ট'' যার সুপার বিল্ট এলাকা ১১৭০ ব.ফু. যার মালিকানার মধ্যে রয়েছে কমন প্যাসেজ সঙ্গে অবিচ্ছেদ্য মালিকানার অংশ জমির ওপর যা অবস্থিত রয়েছে মৌজা ও থানা-নোয়াপাড়া, জেএল নং-২, যার আরএস দাগ নং. ৮৯৪ / ৩১৭৩ এবং অংশীভূত এলআর দাগ নং. ৩৮৪৩ অধীন আরএস খতিয়ান নং. ১৫৯৯ এবং এলআর খতিয়ান নং. ৩১৩৮(পুরানো) এবং ১০০৭৭ ও ১০০৭৮ (নতুন) এডিএসআরও ব্যারাকপুর, গারুলিয়া পৌরসভার অন্তর্গত অধীন ওয়ার্ড নং. ০৬ এবং হোল্ডিং নং. ৪০১, নোয়াপাড়া বাই লেন, জেলা-উত্তর ২৪ পরগণা, এডিএসআরও অফিস ব্যারাকপুর, বুক নং-১, ভলিউম নং. ১৫০৫-২০২০, পাতা ১৭৬৪৩ থেকে ১৭৬৮৪, যার নং. ১৫০৫০০৪৫২ সাল ২০২০।<br>**সম্পত্তি রয়েছে শ্রী সুদীপ ঘোষাল ও শ্রীমতি পারমিতা ঘোষালের নামে। সম্পত্তি (জমির প্লট) চারপাশের পরিসীমা হল ঃ** উত্তরে- এম এন চক্রবর্তী ও প্রামানিক, দক্ষিণ-১৬ ফুট চওড়া নোয়াপাড়া বাই লেন, পূর্ব- মল কৃষ্ণ সাহা, পশ্চিম-১৬ ফুট চওড়া নোয়াপাড়া বাই লেন। | ২৫.১০.২০২২ | ২৩.১০.২০২২ | **টাকা. ২০,৩৬,০৯২.০০ (টাকা কুড়ি লক্ষ ছত্রিশ হাজার বিরানব্বই মাত্র)** ২৫.১০.২০২২ তারিখে। আপনাকে আরও প্রদান করতে হবে পরবর্তী সুদ চুক্তির দর অনুসারে যা লাগু হবে উল্লেখিত রাশিতে সঙ্গে আনুষ্ঠানিক খরচ, ব্যয় দাবী ইত্যাদি। |
| ২ | **শ্রী রাজীব পাল**<br>প্রযত্নে-প্রয়াত কালী নারায়ণ পাল, ৫১/ ১ ফিডার রোড, বেলঘরিয়া, উত্তর ২৪ পরগণা, কলকাতা-৭০০০৫৬।<br>ও ফ্ল্যাট নং. ৮, ২য় ফ্লোর, ২৫/ ৪ বি.এম. ব্যানার্জি বাই লেন, বেলঘরিয়া, কলকাতা-৭০০০৫৬।<br>**হাউসিং টার্ম লোন**<br>**অ্যাকা. নং. ঃ ৩৫২২৬৫২৮০৫৯** | সমস্ত অংশ, একটি নিজ মালিকানাধীন ফ্ল্যাট যার নং. ৮ দ্বিতীয় ফ্লোরে, দক্ষিণ পূর্ব মুখী, (জি প্লাস ২) তল বিশিষ্ট আবাসনে যার পরিমাপ হল এলাকার ৬০০ ব.ফু. (সুপার বিল্ট এলাকা), কিছু কম বা বেশি, যার মধ্যে রয়েছে ২(দুই) বেডরুম, ১(এক) কিচেন কাম ডাইনিং স্পেস, ১ (এক) ব্যালকনি এবং ১ (এক) টয়লেট, মার্বেলের মেঝে সহ সঙ্গে ব্যবহার করার অধিকার রয়েছে বিল্ডিংয়ের সমস্ত কমন এলাকা এবং জমিতে যা চিহ্নিত রয়েছে ম্যাপ বা প্ল্যানে, যার প্রিমিসেস নং. ২৫ / ৪, ওয়ার্ড নং. ২০, হোল্ডিং নং. ৩২৯, প্লট নং. আর.এস. ৩৩৪৮ / ৪০৮৯, খতিয়ান নং. আরএস ২২৭৯, ভূবন মোহন ব্যানার্জি বাই লেন, (বিএম ব্যানার্জি বাইলেন) পোস্ট ও থানা বেলঘরিয়া, কামারহাটি আড়িয়াদহ পৌরসভা, কলকাতা-৭০০০৫৬, জেলা-উত্তর ২৪ পরগণা, এডিএসআর-বেলঘরিয়া, ডিড নং-১-১৫২৬ সাল ২০০৬।<br>**সম্পত্তি রয়েছে শ্রী রাজীব পালের নামে।**<br>**সম্পত্তি (জমির প্লট) চারপাশের পরিসীমা হল ঃ** উত্তরে- ১০ ফুট চওড়া পৌরসভার রাস্তা, দক্ষিণ-অন্যান্যদের সম্পত্তি, পূর্ব- অন্যান্যদের সম্পত্তি, পশ্চিম-অন্যান্যদের সম্পত্তি। | ১৩.১০.২০২২ | ১২.১০.২০২২ | **টাকা. ৬,৬৮,৯১২.০০ (টাকা ছয় লক্ষ আটষট্টি হাজার নয়শত বারো মাত্র)** ১৩.১০.২০২২ তারিখে। আপনাকে আরও প্রদান করতে হবে পরবর্তী সুদ চুক্তির দর অনুসারে যা লাগু হবে উল্লেখিত রাশিতে সঙ্গে আনুষ্ঠানিক খরচ, ব্যয় দাবী ইত্যাদি। |

পদক্ষেপ ইতিমধ্যে গ্রহণ করা হয়েছে নোটিসের বিকল্প প্রদানের। উপরোক্ত গ্রাহক/জামিনদার/বৈধ উত্তরাধিকারীদের জানানো যায় যে পরিশোধ করতে যে বকেয়া রয়েছে ব্যাঙ্কের কাছে সঙ্গে আপ-টু-ডেট সুদ এই বিজ্ঞপ্তি প্রকাশিত হওয়ার ৬০ দিনের মধ্যে , যদি তাহাতে ব্যর্থ হন পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে এই নোটিসের মেয়াদের ৬০ দিন শেষ হওয়ার পর অধীন উপ-ধারা(৪) ধারা ১৩ নিরাপত্তাকরণ এবং পুর্নগঠন আর্থিক সম্পত্তির এবং প্রয়োগ নিরাপত্তা আগ্রহ আইন,২০০২ মোতেবক।

**তারিখ ঃ ১০.১১.২০২২**
**স্থান ঃ বিধাননগর**

**স্বীকৃত আধিকারিক**
**স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া**